# দাগনভূঞা পৌরসভা কার্যালয়

জেলা-ফেনী।

স্মারক নং- দাঃপৌঃ/সাঃশাঃ/২০২৪/৬৯(৫) তাং- ০৫/০৯/২০২৪খ্রিঃ

**প্রাপক ঃ**

জনাব ---------------------------------------

সদস্য, মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি

ও কাউন্সিলর

দাগনভূঞা পৌরসভা,ফেনী।

বিষয়ঃ সভায় উপস্থিতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সংযুক্ত কার্যপত্রের আলোচ্য সূচী মোতাবেক আগামী ০৯/০৯/২০২৪খ্রিঃ তারিখ সকাল ১১:০০টায় পৌরসভা সম্মেলন কক্ষে বর্ণিত কমিটির সভা আহ্বান করা হয়েছে।

উক্ত সভায় যথাসময়ে আপনাকে উপস্থিত থাকার জন্যে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(জাহানারা বেগম)

সভাপতি

মৎস্য ও প্রাণী বিষয়ক স্থায়ী কমিটি

ও কাউন্সিলর- সংরক্ষিত ওয়ার্ড নং-৭,৮,৯

দাগনভূঞা পৌরসভা,ফেনী।

তাং- ০৫/০৯/২০২৪খ্রিঃ

স্মারক নং- দাঃপৌঃ/সাঃশাঃ/২০২৪/৬৯/৫(৬)

অনুলিপিঃ

১.তত্ত্বাবধায়ক প্রকৌশলী(নগর ব্যবস্থাপনা),এলজিইডি,আরডিইসি ভবন লেভেল ৭,আগার গাঁও,ঢাকা-১২০৭।

২.তত্ত্বাবধায়ক প্রকৌশলী,এলজিইডি,কুমিল্লা অঞ্চল,কুমিল্লা।

৩. প্রকল্প পরিচালক,এমএসপি,এলজিইডি,সদর দপ্তর,আগার গাঁও,ঢাকা-১২০৭।

৪. উপ-পরিচালক,এলজিইডি,উপ-পরিচালকের কার্যালয়,আঞ্চলিক নগর ব্যবস্থাপনা ইউনিট,কুমিল্লা অঞ্চল,কুমিল্লা।

৫. নির্বাহী প্রকৌশলী,দাগনভূঞা পৌরসভা,ফেনী।

৬. পৌর নির্বাহী কর্মকর্তা, দাগনভূঞা পৌরসভা,ফেনী।

৭.নথি

কাউন্সিলর

দাগনভূঞা পৌরসভা,ফেনী।

পরিশিষ্ট-ক

# দাগনভূঞা পৌরসভা কার্যালয়
## জেলা-ফেনী।

পৌরসভার নাম ঃ দাগনভূঞা পৌরসভা
মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির ১৪নং সভার কার্যপত্র

সভার তারিখ ঃ ০৯/০৯/২০২৪খ্রিঃ

সময় ঃ সকাল ১১:০০টা

উপস্থিতি ঃ সংযুক্তি -ক

আলোচ্যসূচি-১ ঃ কমিটির উদ্দেশ্য ঃ কার্য-পরিধির আলোকে পূর্ব-নির্ধারিত বিষয়বস্তুর ওপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

| পূর্ব-নির্ধারিত আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-১ঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-২ঃ গবাদি পশু ও হাস-মুরগীর রোগ প্রতিরোধ সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-৩ঃ পৌর এলাকার পুকুর, জলাধর পুনরুদ্ধার করা সংক্রান্ত আলোচনা । | | | | |
| বিষয়-৪ঃ গবাদি পশু ও হাস-মুরগীর রোগ প্রতিরোধ সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-৫ঃ বিবিধ। | | | | |

আলোচ্যসূচি- ২ ঃ

| সদস্যগন কর্তৃক উত্থাপিত অনির্ধারিত আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| বিষয়-১ঃ | | | | |
| বিষয়-২ঃ | | | | |
| বিষয়-৩ঃ | | | | |
| বিষয়-৪ঃ বিবিধ। | | | | |

সভাপতির স্বাক্ষরঃ Jay.

নামঃ জাহানারা বেগম | তারিখঃ 05.09. 2024খ্রিঃ

# দাগনভূঞা পৌরসভা কার্যালয়

জেলা-ফেনী।

পরিশিষ্ট-খ

পৌরসভার নাম ঃ দাগনভূঞা পৌরসভা

মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির ১৪নং সভার কার্যবিবরনী

সভার তারিখ ঃ ০৯/০৯/২০২৪খ্রিঃ

সময় ঃ সকাল ১১:০০টায়

উপস্থিতি ঃ সংযুক্তি (ক).....................................

আলোচ্যসূচি-১ ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ ও নিশ্চিতকরণ

| পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ | কার্যবিবরনী সঠিকতা বিষয়ক আলোচনা | সংশোধন (প্রয়োজন অনুসারে) | সিদ্ধান্ত ( নিশ্চতকরণ/ অনুমোদন সংশোধনসহ বা ব্যতিত) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| বিষয়-১ঃ বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন সংক্রান্ত আলোচনায় মৎস ও প্রাণি সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কর্তৃক পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করা হয়। | সভাপতি সাহেব পূর্ববর্তী সভায় প্রাণী হাসপাতাল স্থাপন ও রক্ষণারেক্ষণ, পৌর এলাকার পুকুর, জলাধর পুনরুদ্ধার করা সহ বিভিন্ন বিষয়ে বিশদ ব্যাখ্যা সভায় উপস্থাপন করেন। আলোচিত বিষয়গুলোর সাথে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | কোন সংশোধনী নেই। | কোন সংশোধনী ছাড়াই উপস্থিত সকলে বিগত সভায় কার্য বিবরনী সভায় সর্বসম্মত ভাবে অনুমোদন করেন। |

আলোচ্যসূচি-২ ঃ পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও পরবর্তী কার্যক্রম সম্পকে সিদ্ধান্ত গ্রহন।

| পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ সুপারিশসমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির মাত্রা | পরবর্তী গৃহীত সিদ্ধান্ত/সুপারিশসমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন । | গৃহীত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহীত সুপারিশ মোতাবেক সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি। | |
| ২. প্রাণী হাসপাতাল স্থাপন ও রক্ষণারেক্ষণ সংক্রান্ত আলোচনা। | গৃহীত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহীত সুপারিশ মোতাবেক সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য। | |
| ৩. পশু পাখির রোগ প্রতিরোধের টিকা সংগ্রহ ও প্রদান সংক্রান্ত আলোচনা। | গৃহীত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহীত সুপারিশ মোতাবেক সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য। | |
| ৪. ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সংক্রান্ত আলোচনা। | গৃহীত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহীত সুপারিশ মোতাবেক সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য। | |

আলোচ্যসূচি-৩ ঃ কমিটির উদ্দেশ্য ও কার্য-পরিধির আলোকে পূর্ব-নির্ধারিত বিষয়বস্তুর ওপর আলোচনা ও সিদ্ধান্তসমূহ

| পূর্ব- নির্ধারিত আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত/ সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয় -২ঃ বন্যায় ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন সংক্রান্ত আলোচনা। | সভাপতি সাহেব পূর্ব নির্ধারিত আলোচ্যসূচীর আলোকে আলোচনার জন্য সভায় উপস্থিত সকল সদস্যকে আহ্বান করেন। তদালোকে সভার সদস্য শাহানাজ আক্তার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-৪,৫,৬ বলেন, বন্যায় পৌর এলাকায় কৃষির ব্যাপক ক্ষতি সাধন হয়েছে। নতুন করে কৃষকদের মাঝে কৃষি উৎপাদন করতে বীজ ও সার প্রাপ্তি এবং নগদ অর্থের অনিশ্চয়তা তৈরী হয়েছে। এখন পুনর্বাসন প্রক্রিয়া সঠিকভাবে না হলে কৃষিপণ্য উৎপাদন ও খাদ্য নিরাপত্তা মারাত্মকভাবে বাধাগ্রস্ত হবে। বন্যায় ঘরবাড়ি,কৃষিজমি ও মৎস্য খামারসহ অনেক সম্পদের ক্ষয়ক্ষতির সঠিক তালিকা প্রস্তুত করতঃ পুনর্বাসনের নিমিত্তে জরুরীভিত্তিতে আর্থিক সহায়তা নিশ্চিতকরা অত্যাবশ্যকীয় হয়ে দাঁড়িয়েছে। সে প্রেক্ষিতে বন্যা পরিস্থিতি মোকাবিলার ক্ষেত্রে অধিকরতর পরিকল্পনা গ্রহণ এবং কিভাবে বন্যা পরিস্থিতি আরও সুষ্ঠুভাবে মোকাবিলা করা যায় সেক্ষেত্রে পদক্ষেপ গ্রহন করতে হবে। বন্যায় পৌর এলাকায় যে ক্ষয়ক্ষতি হয়েছে তা কাটিয়ে ওঠা,ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের উদ্যোগ নেয়া এবং সামগ্রিক পরিস্থিতি পর্যবেক্ষণ সাপেক্ষে করণীয় নির্ধারণ ও যথাযথ বাস্তবায়নে সব ধরনের তৎপরতা অব্যাহত রাখার বিষয়ে উপস্থিত সদস্যগণ বিশদ আলোচনা করেন। আলোচনান্তে বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হলো। | প্রস্তাবিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | সভাপতি। | |
| বিষয়-৩ঃ গবাদি পশু ও হাস-মুরগীর রোগ প্রতিরোধ সংক্রান্ত আলোচনা। | গবাদি পশু ও হাস-মুরগীর রোগ প্রতিরোধ সংক্রান্ত আলোচনায় সভার সদস্য জাহানারা বেগম, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-৭,৮,৯ জলবায়ু পরিবর্তনের প্রভাবে গবাদী পশুর মধ্যে বিভিন্ন রোগ বালাই দেখা দিচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। গবাদি পশু,হাঁস-মুরগী এবং মাছে বিভিন্ন রোগের প্রতিকার ও প্রতিরোধের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহায়তা করার উপর গুরুত্ব আরোপ করেন। সভার পক্ষ থেকে বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হলো। | প্রস্তাবিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে এবং বিষয়টি গুরুত্ব সহকারে দেখার সুপারিশ করা হলো। | সভাপতি | |
| বিষয়-৪ঃ পৌর এলাকার পুকুর, জলাধর পুনরুদ্ধার করা | পীর এলাকার পুকুর, জলাধর পুনরুদ্ধার করা সংক্রান্ত আলোচনায় সভার সদস্য শাহানাজ | প্রস্তাবিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | সদস্য। | |

| | | | | |
|---|---|---|---|---|
| সংক্রান্ত আলোচনা। | আক্তার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং- ৪,৫,৬ পৌর এলাকার বিভিন্ন পুকুর,জলাধর ও নিম্নাঞ্চলসমূহ পুনরুদ্ধারে ব্যবস্থা গ্রহন এবং প্রয়োজনে সংস্কার করতে হবে। এরুপ জলাধরকে মৎস্য ক্ষেত্র হিসাবে ঘোষণা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। এ ব্যাপারে সভায় বিশদ আলোচনা হয়। আলোচনান্তে সভার পক্ষ থেকে বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হলো। | | | |

আলোচ্যসূচি- ৪ ঃ বিবিধ আলোচনা।

| সদস্যগন কর্তৃক উত্থাপিত অনির্ধারিত আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/ সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-১ | | | | |
| বিষয়-২ | | | | |
| বিষয়-৩ | | | | |

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতির স্বাক্ষরঃ

| | |
|---|---|
| নামঃ জাহানারা বেগম | তারিখঃ .....02....02.......2024 খ্রি: |